

স্মারক নং : ৪৯.০১.৮৯.৮৮.০০৩.১৮.০০১.২৬.৬৫৩

তারিখ : ১৭/১০/২০২৬ খ্রিঃ

## খণ্ডকালীন ভাষা প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

এনএইচআরডিএফ (NHRDF) প্রকল্পের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)-এর শেরপুর সদর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে জাপান গমনেচ্ছুক কর্মীদের জাপানিজ ভাষা দক্ষতার JFT-A1 & A2 (equivalent N5 & N4), সংক্রান্ত ভাষা প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খণ্ডকালীন ভাষা প্রশিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খণ্ডকালীন ভাষা প্রশিক্ষক হিসেবে কাজ করতে আগ্রহী প্রার্থীদের শেরপুর সদর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ওয়েবসাইট (<https://ttcsadar.sherpur.gov.bd>) হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক স্ক্যান কপি [sherpursadarttc2022@gmail.com](mailto:sherpursadarttc2022@gmail.com) ই-মেইলে আগামী ০১/১১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং মূল কপি পরীক্ষার দিন সরাসরি হাতে হাতে জমা প্রদান করতে হবে। ই-মেইলে প্রেরণকৃত আবেদনপত্রের সাথে কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই।

| ক্রমিক<br>নং | পদের নাম                              | সর্বসাকুল্য<br>দৈনিক সম্মানী | আবেদনের যোগ্যতা                                                                                                                                                                                                           |
|--------------|---------------------------------------|------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ০১.          | খণ্ডকালীন<br>ভাষা প্রশিক্ষক (জাপানিজ) | ৩০০০/-                       | যে কোন বিষয়ে স্নাতক ও জাপানিজ ভাষা দক্ষতা পরীক্ষায় কমপক্ষে Level-N4 পাশ হতে হবে [তবে Level-N3 পাশকৃতগণ অধিক গ্রহণযোগ্য]। জাপানিজ ভাষা ও জাপানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

### আবেদনের শর্ত ও নিয়মাবলী:

১. আবেদনকারীকে অধ্যক্ষ, শেরপুর সদর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), কানাশাখোলা, শেরপুর সদর, শেরপুর বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রে (১) পদের নাম (২) বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকার নাম ও তারিখ (৩) প্রার্থীর নাম (৪) জাতীয় পরিচয় পত্র নম্বর ও জন্ম নিবন্ধন নম্বর (৫) জন্ম তারিখ (৬) জন্ম স্থান (জেলা) (৭) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স (৮) প্রার্থীর পিতা/স্বামীর নাম (৯) মাতার নাম (১০) ঠিকানা (১১) যোগাযোগের মোবাইল/টেলিফোন নম্বর ও ই-মেইল আইডি (১২) জাতীয়তা (১৩) জেডার (১৪) ধর্ম (১৫) পেশা (১৬) শিক্ষাগত যোগ্যতা (১৭) সংশ্লিষ্ট ভাষার উপর দক্ষতা লেভেল ও অতিরিক্ত যোগ্যতা (১৮) অভিজ্ঞতার বিবরণ (১৯) বৈবাহিক অবস্থা ইত্যাদি উল্লেখ করতে হবে।

২. নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।

৩. বর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সর্বসাকুল্য সম্মানীতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. পরীক্ষা গ্রহণের দিন মূল আবেদনপত্রের সাথে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদি (১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করে সরাসরি জমা প্রদান করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি।

(খ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।

(গ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

(ঘ) সংশ্লিষ্ট ভাষার দক্ষতা পরীক্ষার সনদপত্রের ফটোকপি।

(ঙ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম সনদের ফটোকপি।

৬. সাক্ষাৎকার বোর্ডে উপস্থাপনের জন্য পরীক্ষা গ্রহণের দিন প্রার্থীকে অবশ্যই তার সকল সনদপত্রের মূল কপি সঙ্গে নিয়ে আসতে হবে।

৭. আবেদনকারীর মোবাইল নম্বরে/ই-মেইলে ইন্টারভিউ এর তারিখ ও স্থান যথাসময়ে মেসেজের মাধ্যমে জানানো হবে।

৮. অংশগ্রহণকারীদের পরীক্ষার ফলাফল পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড/মোবাইল/টেলিফোন/টিটিসির ওয়েবসাইট

(<https://ttcsadar.sherpur.gov.bd>) এ জানানো হবে।

৯. ০১/১১/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৪৫ বছর।

পীযুষ কান্তি সরকার  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
শেরপুর সদর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র